DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 11:23 AM

আন্তর্জাতিক

# সৌদি সামরিক ঘাঁটিতে হুথিদের মিসাইল-ড্রোন হামলা

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৩ সেপ্টেম্বর ২০২৬, ০২:৫৯ PM




সৌদি আরবের দক্ষিণাঞ্চলের একটি সামরিক ঘাঁটিতে মিসাইল ও ড্রোন হামলা চালিয়েছে ইয়েমেনের হুথি বিদ্রোহীরা। বাংলাদেশ সময় রোববার (১৩ সেপ্টেম্বর) মধ্যরাতে হুথিদের সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে এক পোস্টে এ তথ্য জানান।

ইয়াহিয়া সারি বলেন, ঘাঁটিতে থাকা অস্ত্রের গুদাম ও কমান্ড সেন্টার হামলার লক্ষ্য ছিল। তাঁর দাবি, এসব স্থাপনা থেকে ইয়েমেন ও দেশটির জনগণের বিরুদ্ধে আগ্রাসন পরিচালনা করা হচ্ছিল।

তবে হামলাটি ঠিক কখন চালানো হয়েছে, তা জানাননি হুথি সামরিক মুখপাত্র।

গত সপ্তাহে ইয়েমেনে হুথি বিদ্রোহীদের সঙ্গে দেশটির সরকারি বাহিনীর লড়াই শুরু হয়। ইরান-সমর্থিত হুথিদের বিরুদ্ধে লড়াইরত ইয়েমেনের সরকারি বাহিনীকে সব ধরনের সহায়তা দিয়ে আসছে সৌদি আরব।

হুথিদের বিরুদ্ধে ব্যবস্থা না নেওয়ার ইঙ্গিত ট্রাম্পের

এদিকে ইয়েমেনের দক্ষিণাঞ্চলের দিকে অগ্রসরমান হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র কোনো ব্যবস্থা নেবে না�এমন ইঙ্গিত দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

ট্রাম্প বলেছেন, হুথিরা যুক্তরাষ্ট্রের সঙ্গে যোগাযোগ করেছে। তারা জানিয়েছে, যুক্তরাষ্ট্র যেন তাদের অভিযানে হস্তক্ষেপ না করে।

শনিবার আয়ারল্যান্ডের রাজধানী ডাবলিনে যান ট্রাম্প। সেখানে তাঁকে হুথিদের বিষয়ে প্রশ্ন করা হয়।

জবাবে ট্রাম্প বলেন, হুথিরা যুক্তরাষ্ট্রের সঙ্গে যোগাযোগ করেছে এবং তারা যুক্তরাষ্ট্রের সঙ্গে লড়াই করতে চায় না। তারা চায়, যুক্তরাষ্ট্র যেন তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা না নেয়।

এর মধ্যেই সৌদি আরবের গুরুত্বপূর্ণ ইস্ট-ওয়েস্ট তেল পাইপলাইনে ড্রোন হামলার ঘটনা ঘটেছে। এর ফলে হরমুজ প্রণালি এড়িয়ে লোহিত সাগর দিয়ে তেল সরবরাহের জন্য সৌদি আরবের একমাত্র পথটি আপাতত বন্ধ হয়ে গেছে।

ট্রাম্পকে সৌদির তেল পাইপলাইনে হামলার বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, এ হামলার পেছনে ইরান জড়িত থাকতে পারে।

সূত্র: এএফপি

---

## এ বিভাগের আরও খবর



মধ্যপ্রাচ্যে আগ্রাসন ও একতরফা শুল্ক আরোপে নিন্দা ব্রিকসের নেতাদের

জাতিসংঘ নিরাপত্তা পরিষদের (ইউএনএসসি) �কাঠামোগত পরিবর্তন�-সহ বহুপক্ষীয় সংস্থাগুলোর সংস্কারের জোর দাবি জানিয়েছেন ব্রিকসের শীর্ষ নেতারা। পাশাপা...



### হুথিদের হামলায় সৌদির জিজানে মসজিদসহ বহু স্থাপনা ক্ষতিগ্রস্ত

ইয়েমেনের হুথি বিদ্রোহীদের হামলায় সৌদি আরবের জিজান প্রদেশে একটি মসজিদসহ বহু ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। সৌদি আরবের সিভিল ডিফেন্স জানিয়েছে, হুথি...



### ২৪০ যাত্রী নিয়ে জাভা সাগরে নিখোঁজ জাহাজ

ইন্দোনেশিয়ার পূর্ব জাভা থেকে বোর্নিও দ্বীপের দক্ষিণ কালিমন্তানের পথে ২৪০ যাত্রী নিয়ে একটি যাত্রীবাহী জাহাজের যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে। রবিবার...



### রাশিয়া-ইউক্রেন যুদ্ধে এ পর্যন্ত ৫ লাখ রাশিয়ার নাগরিক নিহত হয়েছে: যুক্তরাজ্যের সেনাপ্রধান

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের শুরু থেকে এ পর্যন্ত প্রায় সাড়ে চার বছরে রুশ শিবিরে নিহত হয়েছেন প্রায় ৫ লাখ মানুষ। এই নিহতদের মধ্যে সামরিক ও বেসামরিক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/soudi-samrik-ghantite-huthider-misail-dron-hamla